

💵 সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৫৭৫

ভূমিকা (المقدمة)

পরিচ্ছেদঃ ৪৬. রাসূলুল্লাহ (ﷺ) হতে (হাদীস) প্রচার ও সুন্নাত শিক্ষা দান

بَابُ الْبَلَاغِ عَنْ رَسُولِ اللَّهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ، وَتَعْلِيمِ السُّنَنِ

আরবী

أَخْبَرَنَا أَحْمَدُ بْنُ عَبْدِ اللَّهِ حَدَّثَنَا أَبُو شِهَابٍ حَدَّثَنِي إِبْرَاهِيمُ عَنْ أَبِي عِيَاضٍ عَنْ أَبِي هُرَيْرَةَ قَالَ قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ مَثَلُ عِلْمٍ لَا يُنْتَفَعُ بِهِ كَمَثَلِ كَنْزٍ لَا يُنْفَقُ مِنْهُ فِي سَبِيلِ اللَّهِ

إسناده ضعيف لضعف إبراهيم بن مسلم الهجري

বাংলা

৫৭৫. আবু হুরাইরা রাদিয়াল্লাহু আনহু বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন: "যে ইলম দ্বারা উপকার লাভ করা হয় না, তার দৃষ্টান্ত সেই পুঞ্জীভূত সম্পদের মতো যা থেকে আল্লাহর রাস্তায় ব্যয় করা হয় না।[1]

ফুটনোট

[1] তাহকীক: এর সনদ যয়ীফ, কেননা ইবরাহীম ইবনু মুসলিম আলহিজরী যয়ীফ। তবে পূর্বের আছারটি (এবং নিম্নে উল্লেখিত শাহিদ হাদীসসমূহ) একে শক্তিশালী করে। (তবে এর নিম্নলিখিত শাহিদসমূহের মধ্যে ইবনু আব্দুল বাররা কর্তৃক সংকলিত ইবনু উমারের হাদীসটির সনদ জাইয়্যেদ বা উত্তম। তাখরীজে বিস্তারিত।-অনুবাদক)

তাখরীজ: আহমাদ ২/৪৪৯; বাযযার ১/১০০ নং ১৭৬; তাবারানী, আল আওসাত নং ৬৯৩ (মাজমাউল বাহরাইন নং ২২৯); আবু খায়ছামা, আল ইলম নং ১৬২; ইবনু আব্দুল বার, জামি' বায়ানিল ইলম নং ৭৭৪, ৭৭৭ সকলেই যয়ীফ সনদে।

(আবু আসিম বলেন: এ অনুচ্ছেদে আবু হুরাইরা, ইবনু উমার, ইবনু মাসউদ থেকে মারফু' হিসেবে এবং ইবনু আব্বাস হতে তার বক্তব্য হিসেবে হাদীস বর্ণিত আছে।)



ইবনু উমার রা: এর হাদীসটি বর্ণনা করেছেন ইবনু আব্দুল বার, আল জামি' ১/১৪৮ এর সনদ জাইয়্যেদ জাইয়্যেদ;

ইবনু মাসউদ রা: এর হাদীসটি বর্ণনা করেছেন কুদায়ী, মুসনাদুশ শিহাব ১/১৮০ নং ২৬৩ যয়ীফ সনদে;

ইবনু আব্বাস রা: এর হাদীসটি বর্ণনা করেছেন তার বক্তব্য হিসেবে, বাইহাকী, আল-মাদখাল /৩৪৮, নং ৫৭৮। -ফাতহুল মান্নান হা/৫৮৪ এর টীকা - অনুবাদক)

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি □ বর্ণনাকারীঃ আবৃ হুরায়রা (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন